# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় : নবীজী ও তাঁর সাহাবীগণের হজ-উমরা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

১০ যিলহজের আমলসমূহে ধারাবাহিকতা রক্ষা না হলে অসুবিধা নাই

৮৯- জাবের রা. বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পশু যবেহ করলেন, 'অতপর মাথা মুণ্ডন করলেন।'[1]

৯০- 'কুরবানীর দিন মিনাতে'[2] মানুষের প্রশ্নোত্তরের জন্য বসলেন, 'সে দিনের'[3] আমলগুলোতে 'আগে পরে হয়েছে '[4]এমন বিষয়ে প্রশ্ন করা হলে তিনি বলেছেন,

«لاَ حَرَجَ لاَ حَرَجَ»

'কোন সমস্যা নেই, কোন সমস্যা নেই'।

৯১- এক ব্যক্তি এসে বললেন, আমি যবেহ করার পূর্বে মাথা মুণ্ডন করে ফেলেছি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন,

«وَلاَ حَرَجَ»

'কোনো সমস্যা নেই।'

৯২- অন্য একজন এসে বললেন, 'আমি কঙ্কর নিক্ষেপের পূর্বে মাথা মুণ্ডন করেছি, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন,

«لاَ حَرَجَ»

'কোন সমস্যা নেই।'

৯৩- 'আরেক জন বললেন, আমি কঙ্কর নিক্ষেপের পূর্বে তাওয়াফ করেছি, তিনি বললেন,

«لاَ حَرَجَ»

'কোন সমস্যা নেই।'[5]

৯৪- 'অন্য আরেক ব্যক্তি এসে বলল, আমি পশু যবেহের আগে তাওয়াফ করেছি। তিনি বললেন, যবেহ কর।

«لاَ حَرَجَ»

'কোন সমস্যা নেই।'[6]

৯৫- অন্য আরেক ব্যক্তি এসে বললেন, 'আমি কঙ্কর নিক্ষেপের পূর্বে পশু যবেহ করেছি। তিনি বললেন,

«ارْمِ ، وَلاَ حَرَجَ»

‘নিক্ষেপ কর। কোন সমস্যা নেই।’ [7]

৯৬- ‘অতপর আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন,

«قَدْ نَحَرْتُ هَهُنَا وَمِنًى كُلُّهَا مَنْحَرٌ»

‘আমি এখানে যবেহ করলাম, আরা মিনা পুরোটাই যবেহের স্থান।’[8]

৯৭- «وَكُلُّ فِجَاجِ مَكَّةَ طَرِيْقٌ وَمَنْحَرٌ» ‘মক্কার প্রতিটি অলিগলি, চলার পথ এবং যবেহের স্থান।’[9]

৯৮- فانحروا من رحالكم ‘অতএব, তোমরা তোমাদের অবস্থানস্থলে পশুসমূহ থেকে যবেহ কর।’[10]

ফুটনোট

[1]. মুসনাদে আহমদ।

[2]. ইবন মাজাহ্।

[3]. ইবন মাজাহ্।

[4]. ইবন মাজাহ্।

[5]. দারমী, ইবন মাজাহ্।

[6]. তাহাবী।

[7]. মুসনাদে আহমদ।

[8]. মুসনাদে আহমদ।

[9]. আবূ দাউদ।

[10]. মুসলিম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7372

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন